রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী
www.ru.ac.bd

শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০২৬ তারিখ: ১১.১১.২০২৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগে নিম্নবর্ণিত পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: সহকারী অধ্যাপক	বেতনক্রম: টা. ৭১০০০-১৩৪০০০/-	প্রচলিত ভাতাদিসহ নবম জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুসরণ করা হবে।
পদের নাম: প্রভাষক	বেতনক্রম: টা. ৪৪০০০-১০৫৯০০/-	

বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা	
মনোবিজ্ঞান	সহকারী অধ্যাপক/প্রভাষক	০৩ (তিন)টি স্থায়ী পদ
	প্রভাষক	০১ (এক)টি স্থায়ী পদ

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd)-এর job.ru.ac.bd লিঙ্কে পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৬ (ছয়) সেট দরখাস্ত ০১.১২.২০২৬ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে/জমা দিতে হবে।

উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসৃত হবে।

১১/১১/২০২৬

এ. এইচ. এম আসলাম হোসেন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়
Email: registrar@ru.ac.bd

শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

১. ক) প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীর মনোবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্সের যে কোনো একটিতে মেধাতালিকায় ১ম স্থান অধিকারী প্রার্থীর ক্ষেত্রে অন্যটিতে প্রথম হতে সপ্তম স্থানের শর্ত শিথিলযোগ্য। সে ক্ষেত্রে উভয় পরীক্ষার ফলাফলে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

ঘ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

শিক্ষাগত যোগ্যতা (সহকারী অধ্যাপক পদের জন্য)

২. ক) সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীর মনোবিজ্ঞান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচ.ডি ডিগ্রী থাকতে হবে।

bekarsfeed.com

গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।

ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্সের যে কোনো একটিতে মেধাতালিকায় ১ম স্থান অধিকারী প্রার্থীর ক্ষেত্রে অন্যটিতে প্রথম হতে সপ্তম স্থানের শর্ত শিথিলযোগ্য। সে ক্ষেত্রে উভয় পরীক্ষার ফলাফলে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

ঙ) প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ের ন্যূনতম এক বছরের সক্রীয় শিক্ষকতা/বিষয় সংশ্লিষ্ট স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের এক বছরের গবেষণা অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত এক বছরের পোস্ট ডক্টোরাল অভিজ্ঞতা থাকতে হবে।

চ) স্বীকৃত পিয়ার রিভিউড, ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ Q_1-Q_4 Ranked জার্নালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা হতে হবে।

বিশেষ দ্রষ্টব্য

১. নিয়োগ বোর্ড নথিপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকারের মাধ্যমে উল্লিখিত পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। তবে প্রয়োজনে সাক্ষাৎকারের পূর্বে ডেমোনেস্ট্রেশন এবং লিখিত পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

২. নিয়োগ বিজ্ঞপ্তির পর কোনো বিষয়ে উপর্যুক্ত শর্তপূরণকারী প্রার্থীর আবেদন না পাওয়া গেলে প্রয়োজনে বিভাগীয় প্ল্যানিং কমিটির সুপারিশের ভিত্তিতে ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স-এর ফলাফলের যেকোনো একটি শর্ত শিথিল করে পুনঃবিজ্ঞপ্তির মাধ্যমে ঐ বিভাগে প্রভাষক পদে নিয়োগ দেয়া যেতে পারে। তবে শিথিল করার জন্য প্রস্তাবিত কোনো শর্তই ইউজিসি প্রণীত "পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকায়" উল্লেখিত শর্তের চাইতে কম হবে না।

৩. স্নাতক/স্নাতক (সম্মান)-এর সিজিপিএ ও স্নাতকোত্তর/মাস্টার্সে জিপিএ-এর ক্ষেত্রে দশমিকের পরে তিন ডিজিট থাকলে এবং তৃতীয় ডিজিট ৫ বা তদুর্ধ্ব হলে দ্বিতীয় ঘরে ১ যোগ হবে। সেক্ষেত্রে ফলাফল দশমিকের পর দুই ডিজিট নিয়ে বিবেচিত হবে।

৪. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের দুটো মিলিয়ে ন্যূনতম পাঁচ বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. বিজ্ঞাপিত পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুসরণ করা হবে।

১১/১১/২০২৬

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

bekarsfeed bekarsfeed.com